



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৫.১৯- ১৫৮

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ।  
২৯ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়: কিশোরগঞ্জ জেলার বাজিতপুর পৌরসভার প্রাক্তন সহকারী প্রকৌশলী জনাব মো: ফকরুল হদা এর বকেয়া বেতন ভাতাদি প্রদান প্রসঙ্গে।

সূত্র: জনাব মো: ফকরুল হদা, অবসরপ্রাপ্ত সহকারী প্রকৌশলী, বাজিতপুর পৌরসভা এর আবেদন, তারিখ: ১৬/০৭/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর পৌরসভার প্রাক্তন সহকারী প্রকৌশলী গত ০১/০১/২০১৯ খ্রি: তারিখে অবসর গ্রহণ করেন। তিনি ১০/১১/২০১০ খ্রি: তারিখ হতে ২৮/০৭/২০১৩ খ্রি: তারিখ পর্যন্ত ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ পৌরসভায় কর্মরত থাকাকালীন সময়ের ভবিষ্য তহবিল ভাতা হিসাবে ৮৭,১১৪/- (সাতাশি হাজার একশত চৌদ্দ) টাকা এবং আনুতোষিক তহবিলে ১,০৮,৮৯২/- (এক লক্ষ আট হাজার আটশত বিরানব্বই) টাকা মোট = ১,৯৬,০০৬/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়) টাকা পাওনা ছিল। মেয়র, বাজিতপুর পৌরসভা উক্ত বকেয়া টাকা পরিশোধের জন্য গত ৩০/১০/২০১৯ খ্রি: তারিখে মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হয় (সংযুক্তি-১)। কিন্তু ঈশ্বরগঞ্জ পৌরসভা হতে উক্ত পাওনা টাকা পরিশোধ করা হচ্ছেনা।

০২। এমতাবস্থায়, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর পৌরসভার প্রাক্তন সহকারী প্রকৌশলী জনাব মো: ফকরুল হদা ঈশ্বরগঞ্জ পৌরসভায় কর্মরত থাকাকালীন সময়ের ভবিষ্য তহবিল ভাতা হিসাবে ৮৭,১১৪/- (সাতাশি হাজার একশত চৌদ্দ) টাকা এবং আনুতোষিক তহবিলে ১,০৮,৮৯২/- (এক লক্ষ আট হাজার আটশত বিরানব্বই) টাকা মোট = ১,৯৬,০০৬/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়) টাকা ক্রসড চেকের মাধ্যমে অথবা বাজিতপুর পৌরসভার মাসিক ভবিষ্য তহবিল (হিসাব নং-০৮৫০১০২১০৭৬৫০) মাসিক আনুতোষিক তহবিল (হিসাব নং- ০৮৫০১০২১০৭৬৫১) জনতা ব্যাংক, বাজিতপুর শাখা, কিশোরগঞ্জ-এ বিধি মোতাবেক প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : জনাব ফকরুল হদা এর আবেদনের ছায়ািলিপি

-----পতা।

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপসচিব

ফোন: ৯৫১৪১৪২

মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভা  
ময়মনসিংহ।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব(নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। মেয়র, বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।
- ৬। জনাব মো: ফকরুল হদা, অবসরপ্রাপ্ত সহকারী প্রকৌশলী, বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ (বর্তমান ঠিকানা: ৫/১৩, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭।
- ৭। অফিস কপি।